

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৪৫

আগরতলা, ২৭ নভেম্বর, ২০২৩

সচিবালয়ে মুখ্যমন্ত্রীর সাথে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের
উত্তর পূর্বাঞ্চলের উপদেষ্টার সৌজন্য সাক্ষাৎ

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের উত্তর পূর্বাঞ্চলের উপদেষ্টা এ কে মিশ্রা আজ বিকেলে সচিবালয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহাৰ সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকারের সময় উভয়ের মধ্যে রাজ্যের জনজাতি গোষ্ঠীর সার্বিক উন্নয়ন এবং তাদের সমস্যা নিরসনে রাজ্য সরকারের উদ্যোগের বিষয় আলোচনায় প্রাধান্য পায়। রাজ্য সরকার জনজাতি এলাকায় রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয়জল সহ যেসমস্ত উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করেছে তা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের উত্তর পূর্বাঞ্চলের উপদেষ্টার কাছে তুলে ধরেন। পাশাপাশি মুখ্যমন্ত্রী আগামীদিনে জনজাতিদের উন্নয়নে রাজ্য সরকার কি কি উদ্যোগ গ্রহণ করবে সেই বিষয়েও উপদেষ্টাকে অবহিত করেন। জনজাতিদের উন্নয়নে রাজ্যের বিভিন্ন জনজাতি অংশের সমাজপতি এবং জনজাতি গোষ্ঠীর প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ করার জন্যও মুখ্যমন্ত্রী উপদেষ্টাকে পরামর্শ দেন। আলোচনাকালে মুখ্যমন্ত্রী বলেন, উন্নয়নই হল এই সরকারের মূলমন্ত্র। আগামীদিনেও এই উন্নয়নের ধারাকে পাথেয় করেই জাতি-জনজাতি গোষ্ঠীর মানুষ মিলেমিশে রাজ্যকে এগিয়ে নিয়ে যাবে।
